

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬. ০৪৬.০২৭.০০.০০.০১৫.২০১৫- ১৪৭৫

তারিখ : ০৩ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আবুল কাশিম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর বিরুদ্ধে দায়েরকৃত ঠাকুরগাঁও সদর থানার মামলা নং ০৫, তারিখ ০৫ নভেম্বর ২০১২ ধারা ১৪৩/১৮৬/৩৩২/৩৩৩/৩৫৩/১১৪ পিসি জিআর নং ৮৮৭/১২ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ আবুল কাশিম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ এর বিরুদ্ধে গত ০৫ নভেম্বর ২০১২ তারিখ অনুমান বেলা ১৫.৩০ টা হতে ১৬.৪৫ টা পর্যন্ত পঞ্চগড় ও দিনাজপুর মহাসড়কে বেআইনী জনতায় দলবদ্ধ হয়ে জনসাধারণের দোকানপাট ভাঙ্গচুর, ইট পাটকেল নিক্ষেপ করে কর্তব্যরত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের আহত করা ও তাদের সরকারি কাজে বাধা প্রদান করার অভিযোগ রয়েছে। উক্ত উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান স্বপদে বহাল থাকলে স্থানীয়ভাবে মামলার সাক্ষীদের ভয়ভীতি প্রদর্শনসহ মামলার কার্যক্রমে প্রভাব বিস্তার করতে পারেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩খ(১) অনুসারে ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আবুল কাশিমকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

J.M.
২৭/১২/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

নং-৪৬. ০৪৬.০২৭.০০.০০.০১৫.২০১৫- ১৪৭৫ /

তারিখ : ০৩ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ৮। উপপরিচালক, স্থানীয় সরকার, ঠাকুরগাঁও।
- ৯। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১০। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধসহ)।
- ১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
- ১৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
- ১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঠাকুরগাঁও/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
- ১৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬। জনাব মোঃ আবুল কাশিম, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

J.M.
২৭/১২/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব